

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ডিসেম্বর ২৪, ২০২৩

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

প্রজ্ঞাপন

তারিখ: ২৭ নভেম্বর ২০২৩

নং-বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/৬৮/পিআরডি/১৪৯:—যেহেতু, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে যে, পুঁজিবাজারের উন্নয়ন এবং বিনিয়োগকারীদের স্বার্থে, বে-মেয়াদী মিউচুয়াল ফান্ড সম্পর্কিত কতিপয় নির্দেশনা দেওয়া প্রয়োজন;

অতএব, সেহেতু, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর ধারা ২৩-এ প্রদত্ত ক্ষমতাবলে বে-মেয়াদী মিউচুয়াল ফান্ডের বিনিয়োগকৃত সিকিউরিটিজের মূল্যমান হ্রাসজনিত কারণে যে সকল বে-মেয়াদী মিউচুয়াল ফান্ড কর্তৃক কোন একক কোম্পানির শেয়ার/সিকিউরিটিতে বিনিয়োগ এর সীমা/বাধা-নিষেধ সম্পর্কিত “সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১” এর পঞ্চম তফসিল এর ২ নং শর্ত পরিপালন করা সম্ভব হয় নাই, সে সকল বে-মেয়াদী মিউচুয়াল ফান্ড/ফ্রীম কে উক্ত শর্ত পরিপালন হইতে, ফ্লোর প্রাইস (Floor Price) সংক্রান্ত আদেশ বাতিল না করা পর্যন্ত, সাময়িক অব্যাহতি প্রদান করা হইলো:

তবে শর্ত থাকে যে, বে-মেয়াদী মিউচুয়াল ফান্ডের অধীন নতুন কোন সিকিউরিটি ক্রয় বা বিনিয়োগের ক্ষেত্রে বিনিয়োগ সীমার এই সাময়িক অব্যাহতি প্রযোজ্য হইবে না।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর আদেশক্রমে
অধ্যাপক শিবলী বুবাইয়াত-উল-ইসলাম
চেয়ারম্যান।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(২৮৫৩৫)

মূল্য : টাকা ৪.০০